

## সাওম বিষয়ক আধুনিক কিছু মাসআলা

বিভাগ/অধ্যায়ঃ সাওম পালনকারীর জন্য স্বেচ্ছায় রক্তদানের বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাওম পালনকারীর জন্য স্বেচ্ছায় রক্তদানের বিধান

বিবরণ: বর্তমান যুগের মত আগে এভাবে রক্তদান কর্মসূচীর বন্দোবস্ত ছিল না। বর্তমানে ব্লাড ব্যাংক নির্মিত হয়েছে, যার প্রধান উৎসই হচ্ছে, রক্তদান। কারণ, কিছু কিছু রোগীর রক্তের জরুরি প্রয়োজন পড়ে। এক্ষণে, রক্তদিলে তা রক্তদানকারীর সাওমে কোনো প্রভাব ফেলবে কি?

ভকুম: সাওম পালনকারীর জন্য শিঙ্গা লাগানোর মাসআলার ওপর স্বেচ্ছায় রক্তদানের এই মাসআলাটি ক্নিয়াস করা যায়। মাসআলা দু'টির মধ্যে ভ্বভ্ মিল রয়েছে। কারণ দু'টিতেই শরীর থেকে রক্ত বের করার প্রসঙ্গটি রয়েছে। অবশ্য একটির উদ্দেশ্য চিকিৎসা গ্রহণ এবং অপরটির উদ্দেশ্য অন্যকে সাহায্য। উদ্দেশ্য যাই হোক, মূল বিষয় হচ্ছে, সাওম পালনকারীর দেহ থেকে রক্ত বের হওয়া। পূর্ববর্তী ফকীহগণ সাওম পালনকারীর জন্য শিঙ্গা লাগানোর মাসআলাটি নিয়ে গবেষণা করেছেন। এক্ষেত্রে তাদের দুই ধরণের মত পাওয়া যায়:

প্রথম মত: হাম্বলী মাযহাব, ইসহাক, ইবনল মুন্যির এবং অধিকাংশ মুহাদ্দিছ ফকীহর মতে, শিঙ্গা লাগালে সাওম নষ্ট হয়ে যাবে। শায়খুল ইসলাম ইবন তায়মিয়া রহ. এই মত গ্রহণ করেছেন। সউদী আরবের 'আল-লাজনাহ আদ-দায়েমাহ লিল-বুহূছ আল-ইলমিইয়া ওয়াল-ইফতা' এই পক্ষ সমর্থন করেছেন।[1] রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«أَفْطَرَ الحَاجِمُ وَالمَحْجُومُ»

"যে শিঙ্গা লাগায় এবং যার লাগানো হয়, তাদের উভয়ের সাওম ভেঙ্গে যাবে"।[2]

দ্বিতীয় মত: অধিকাংশের মতে, শিঙ্গা লাগালে সাওম নষ্ট হবে না। কেননা ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা বলেন,

«احْتَجَمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ صَائِمٌ»

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে সাওম অবস্থায় শিঙ্গা লাগিয়েছেন"।[3] তিরমিযীর অন্য বর্ণনায় এসেছে,

«احْتَجَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ مُحْرِمٌ صَائِمٌ»

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে ইহরাম এবং সাওম অবস্থায় শিঙ্গা লাগিয়েছেন"।[4] তারা বলছেন, নিচের হাদীস প্রথম হাদীসটিকে মানসূখ বা রহিত করে দিয়েছে। কারণ, শাদ্দাদ ইবন আওস রাদিয়াল্লাহু 'আনহু বর্ণিত হাদীসে এসেছে, শিঙ্গা লাগাচ্ছিলেন এমন একজন ব্যক্তির পাশ দিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের বছর রামাযানের ১৮ তারিখে হেঁটে গেলেন এবং বললেন, أَفْطَرَ الْكَاجِمُ وَالْمَحْجُومُ (الْمَحْجُومُ وَالْمَحْجُومُ (الْمَاتِمِ وَالْمَحْجُومُ وَالْمَحْبُومُ (الْمَاتِمِ وَالْمَحْبُومُ وَالْمَحْبُومُ (الْمَاتِمِ وَالْمَحْبُومُ وَالْمَحْبُومُ (الْمَاتِمِ وَالْمَحْبُومُ وَالْمَاتِمِ وَالْمَحْبُومُ وَالْمَاتِمِ وَالْمَحْبُومُ وَالْمَاتِمُ وَالْمُعْبَالِيَّةُ وَالْمَاتِمُ وَالْمُعْبَالِيَّةُ وَالْمُعْبَالِيَّةُ وَالْمُعْبَالِيَّةُ وَالْمُعْبَالِيَّةُ وَالْمُعْبَالِيَّةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتُ وَالْمَاتِيَةُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتِيَةُ وَالْمَاتِيَةُ وَالْمَاتُ وَالْمَاتِيَةُ وَالْمَاتُ وَالْمَاتِيَةُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُونُ وَالْمَاتُ وَالْمَاتُولُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُولُ وَالْمَاتُ وَلْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُ وَالْمَاتُ وَ



'আনহুমা বিদায় হজে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলেন এবং ইহরাম ও সাওম অবস্থায় তিনি তাঁকে শিঙ্গা লাগাতে দেখেছেন। তাহলে দেখা যাচ্ছে, পরের ঘটনা আগের বর্ণনাকে রহিত করে দিছেে।উপরোক্ত মতানৈক্যের ওপর ভিত্তি করে বলা যায়, প্রথম মতানুযায়ী স্বেচ্ছায় রক্ত দিলে তা সাওম নষ্ট করবে। তবে দ্বিতীয় মতানুযায়ী, তা সাওম ভঙ্গ করবে না।

>

## ফুটনোট

- [1] ফাতওয়া নং ১১৯১৭।
- [2] সুনান তিরমিয়ী, হাদীস নং ৭৭৪। ইমাম আহমাদ রহ, বলেছেন, এই বিষয়ে এটি বিশুদ্ধতম হাদীস।
- [3] সহীহ বুখারী, হাদীস নং ১৯৩৯।
- [4] সুনান তিরমিযী, হাদীস নং ৭৭৪।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9824

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন